

বিষয়: 'উন্নয়ন মেলা' আয়োজন ও ব্যবস্থাপনা সভার কার্যবিবরণী।

সভাপতি	:	অতিরিক্ত সচিব (প্রশাসন) পানি সম্পদ মন্ত্রণালয়
সভার তারিখ	:	০৯.১১.২০১৭ খ্রিস্টাব্দ।
সময়	:	বেলা ১১.০০ ঘটিকা।
স্থান	:	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি গত ১০.১০.২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের আলোকে গৃহীত কর্মসূচি সম্পর্কে জানতে চান। নগই, ওয়ারপো ও জেআরসি'র প্রতিনিধিগণ স্ব-স্ব সংস্থার গৃহীত কর্মসূচি সম্পর্কে সভাকে অবহিত করেন। বাপাউবো কর্তৃক গৃহীত কর্মসূচি সম্পর্কে জানতে চাওয়া হলে অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) জানান যে, উন্নয়ন মেলা আয়োজন বিষয়ে ১০.১০.২০১৭ তারিখের সিদ্ধান্ত মোতাবেক কমিটির সভা হয়নি। শীঘ্রই কমিটির সভা করা হবে। সভায় উন্নয়ন মেলায় ফলপ্রসূভাবে অংশগ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটিতে সকল সংস্থার প্রতিনিধি রাখা যেতে পারে মর্মে আলোচনা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতভাবে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :-

ক্র:	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
(ক)	'উন্নয়ন মেলা'য় পানি উন্নয়ন বোর্ড সকল জেলা ও উপজেলা পর্যায়ে অংশগ্রহণের পদক্ষেপ গ্রহণ করবে। মন্ত্রণালয়ের অধীনস্থ অন্যান্য সংস্থাসমূহও উন্নয়ন মেলায় অংশগ্রহণ করবে। CEGIS এবং IWM স্বতন্ত্রভাবে ব্যবস্থা গ্রহণ করবে;	সকল সংস্থা প্রধান
(খ)	পাউবো'র কার্যক্রম আছে এমন সকল জেলা এবং উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত উন্নয়ন মেলায় পাউবো অংশগ্রহণ করবে;	বাপাউবো
(গ)	বিগত বছরগুলোতে উন্নয়ন মেলায় অংশগ্রহণের অভিজ্ঞতার আলোকে মেলার মানোন্নয়নের লক্ষ্যে এবারের মেলার নতুন নতুন উন্নয়ন কর্মকাণ্ড অন্তর্ভুক্ত করা সহ বাস্তব পদক্ষেপ গ্রহণ করতে হবে;	সকল সংস্থা
(ঘ)	উন্নয়ন মেলার জন্য কর্মসূচি প্রণয়ন করে জরুরিভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;	সকল সংস্থা
(ঙ)	উন্নয়ন মেলা আয়োজন সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে মনিটরিং এর লক্ষ্যে মন্ত্রণালয়ের মনিটরিং কমিটিতে সকল সংস্থার প্রতিনিধির নাম অন্তর্ভুক্ত করতে হবে;	পাসম
(চ)	বাপাউবো জোনভিত্তিক উন্নয়ন মেলা আয়োজন ও ব্যবস্থাপনা কমিটি গঠন করবে;	বাপাউবো
(ছ)	চলতি মাসের শেষ সপ্তাহে পাউবো কর্তৃক গৃহীত ব্যবস্থা নিয়ে মন্ত্রণালয়ের মনিটরিং কমিটির পরবর্তী সভা অনুষ্ঠিত হবে;	পাসম
(জ)	প্রতিটি কমিটি প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করতে পারবে; এবং	সংশ্লিষ্ট কমিটি
(ঝ)	পাউবো তাদের জোনসমূহকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ নির্দেশনা প্রদান করবে।	বাপাউবো

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
১৬/১১/২০১৭
(মো: হুমায়ুন কবীর)
অতিরিক্ত সচিব (প্রশাসন)

নং-৪২.০০.০০০০.০৩২.২২.২৮.১৬- ন ৬ ন

তারিখ: ০২ অগ্রহায়ন ১৪২৪
১৬ নভেম্বর ২০১৭

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ১। (সকল কর্মকর্তা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২, গ্রীণ রোড, ঢাকা।
- ৪। মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, বাড়ী নং-১০৩, রোড নং-০১, বনানী, ঢাকা।
- ৫। মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, হাবুকান্দি, ফরিদপুর।
- ৬। সদস্য, যৌথ নদী কমিশন, ৭২, গ্রীণ রোড, ঢাকা।
- ৭। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, মহাখালী, ঢাকা।
- ৮। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, গুলশান, ঢাকা।

অনুলিপি: (সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক) প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(হোসেনআরা আক্তার)
উপ সচিব